নেত্রকোণা সদর উপজেলা পরিষদের সেপ্টেম্বর ২০২৩ মাসে অনুষ্ঠিত মাসিক সাধারণ সভার কার্যবিবরণী :

সভাপতি : মোঃ আতাউর রহমান, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নেত্রকোণা সদর, নেত্রকোণা
সভার স্থান : উপজেলা পরিষদ সভা কক্ষ।
সভার তারিখ : ২৫.০৯.২০২৩
সভার সময় : সকাল ১১.৩০ ঘটিকা
সভা নং : ৫২

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা যথাক্রমে পরিশিষ্ট ক ও খ দ্রষ্টব্য :

উপজেলা পরিষদের চেয়ারম্যান জনাব মোঃ আতাউর রহমান, উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি জানান মো: হুমায়ুন কবির, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, নেত্রকোণা সদর, নেত্রকোণা ০৬ সেপ্টেম্বর ২০২৩ তারিখে মৃত্যুবরণ করেন। তাঁর মৃত্যুতে উপজেলা পরিষদের সকল সদস্য ও কর্মকর্তা-কর্মচারী গভীরভাবে শোকাহত ও তাঁর বিদেহী আত্মার মাগফেরাত কামনা করা হয় এবং দাঁড়িয়ে এক মিনিট নিরবতা পালন করা হয়। শোক প্রস্তাব আনয়ন করা হয় এবং সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। অত:পর তিনি উপজেলা নির্বাহী অফিসারকে সভা পরিচালনার জন্য অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার জনাব তানিয়া তাবাসসুম উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে বিগত সভার কার্যবিবররণী পাঠ করেন এবং কোন প্রকার সংশোধনী না থাকায় উক্ত কার্যবিবরণী সর্বসম্মতক্রমে গৃহীত ও অনুমোদিত হয়।

| ক্র নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১ | প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী সভায় তিনি এডিপি ও উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল এর আওতায় দ্রুত প্রকল্প দাখিল করার জন্য উপজেলা পরিষদ ও সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান।<br><br>তিনি গ্রামীন রাস্তা আইডিভুক্ত করার জন্য খসড়া তালিকা সভায় উপস্থাপন করেন। সভায় উক্ত তালিকার বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং আলোচনান্তে পরিশিষ্ট-খ মোতাবেক সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। | (ক) ২০২৩-২০২৪ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) ও উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল এর আওতায় প্রকল্প দ্রুত নির্বাচন করতে হবে।<br><br>(খ) গ্রামীন রাস্তা আইডিভুক্ত করার জন্য প্রস্তুতকৃত তালিকা পরিশিষ্ট-খ মোতাবেক সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয় এবং যথাযথ কর্তৃপক্ষ বরাবর প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার<br><br>উপজেলা প্রকৌশলী, নেত্রকোণা সদর, নেত্রকোণা ও সংশ্লিষ্ট সকল। চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল) |
| ২. | প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার জানান যে, দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। প্রতিমাসে নিয়মিত স্কুল পরিদর্শন করা হয়। বিদ্যালয়ে নিয়মিত শিক্ষকদের ও ছাত্র-ছাত্রীদের উপস্থিতি মনিটরিং করা হচ্ছে। বিদ্যালয়ের আশ-পাশ পরিস্কার পরিচ্ছন্ন রাখার জন্য প্রধান শিক্ষকগণকে নির্দেশনা প্রদান করা হয়েছে। চল্লিশা ইউনিয়নের রায়দুম ঝাউশী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের বাউন্ডারী নির্মাণ সংক্রান্ত স্থানীয় জটিলতা বিষয়ে আলোচনা হয়। | (ক) নিয়মিত বিদ্যালয় পরিদর্শন করে আগামী সভায় প্রতিবেদন উপস্থাপন করতে হবে।<br>(খ) বিদ্যালয়ে যথাসময়ে শিক্ষকদের উপস্থিতি নিশ্চিত করত হবে।<br>(গ) শিক্ষার্থী ঝড়ে পড়া রোধ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(ঘ) বিদ্যালয়ের আঙিনা পরিস্কার পরিচ্ছন্ন রাখার ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(ঙ) যে সকল বিদ্যালয়ে ম্যানেজিং কমিটি নেই তা দ্রুত গঠনের পদক্ষেপ নিতে হবে।<br>(চ) যে সকল প্রাথমিক বিদ্যালয়ে ওয়াশ ব্লক অকোজো আছে তা সরেজমিন পরিদর্শন পূর্বক তালিকা প্রস্তুত করে উপ- সহকারী জনস্বাস্থ্য প্রকৌশলী বরাবর প্রেরণ করতে হবে।<br>(ছ) রায়দুম ঝাউশী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের বাউন্ডারী নির্মাণ বিষয়ে স্থানীয়ভাবে আলোচনা করে বিধি মোতাবেক মীমাংসা | উপজেলা শিক্ষা অফিসার, নেত্রকোণা সদর, |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | করতে হবে। | |
| ৩. | কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার জানান যে, ২০২৩-২৪ অর্থ বছরে খরিপ-২ মৌসুম রোপা আমন ধানের লক্ষ্যমাত্রা হাইব্রিড-৭৩০ হে: উফশী-১৮০১০ হে: স্থানীয়-৪১০ হে: মোট ১৯১৫০ হে:। রোপা আমন আবাদ অর্জিত হাইব্রিড ৮০০ হে: ও উফশী ১৮২০০ হে: স্থানীয় ৩০০ হে: মোট ১৯২০০ হেক্টর আবাদ হয়েছে। রোপা আমন ধানের বর্তমান অবস্থা ভাল। উপসহকারী কৃষি অফিসারগণ বিভিন্ন ফসলের সারের পরিমিত ব্যবহার, পোকা মাকড় ও রোগবালাই দমনের প্রয়োজীয় পরামর্শ প্রদান করে যাচ্ছেন। গত ২৪/০৯/২০২৩ তারিখ পর্যন্ত ইউরিয়া-৫৮৩ মে. টন, টিএসপি-১৪৪ মে. টন, এমওপি-৮৬ মে. টন ও ডিওপি-৩৪০ মে.টন মজুদ আছে । তাছাড়া রাসায়নিক সার উত্তোলন কার্যক্রম চলমান রয়েছে। উপসহকারী কৃষি অফিসারগণ বিসিআইসি ও খুচরা সার বিক্রয় মনিটরিং করছে।<br><br>উপজেলা কৃষি অফিসার জানান যে, ২০২৩-২০২৪ অর্থ বছরে খরিপ-২ মৌসুম মাসকালাই আবাদ ও উৎপাদন বৃদ্ধির জন্য ফসল আবাদ সম্ভবনার ভিত্তিতে ২০২৩-২৪ অর্থ বছরে খরিফ-২ মৌসুমে মাসকালাই ৬০/বিঘা বীজ ও সার বিনামূল্যে সহায়তা প্রদান করার নিমিত্ত কৃষি প্রণোদনা কর্মসূচির আওতায় বরাদ্দ পাওয়া গেছে। বরাদ্দকৃত প্রণোদনা কৃষক পর্যায়ে বিতরণ কাজ সম্পন্ন হয়েছে।<br><br>তিনি আরো জানান ২০২৩-২৪ অর্থ বছরে বরি মৌসুমে প্রণোদনা হিসাবে গম, সরিষা, ভূট্টা, শীতকালীন পেয়াঁজ, মুগ, মসুর ও চিনাবাদাম এর ৩,৫১০জন /বিঘা বীজ ও সার বিনামূল্যে সহায়তা প্রদান করার নিমিত্ত প্রণোদনা পাওয়া গেছে। যা অতি শীঘ্রই ইউনিয়ন ভিত্তিক বিভাজন করা হবে।<br><br>জনাব আলী আহসান, চেয়ারম্যান, সিংহের বাংলা ইউনিয়ন পরিষদ রোপা আমনে পোকার আক্রমন নিয়ে আগাম সর্তক থাকার অনুরোধ জানান। | (ক) সার ও বীজের কৃত্রিম সংকট যেন না হয় সেদিকে সর্তক দৃষ্টি রাখতে হবে।<br><br>(খ) কৃষি উৎপাদন বাড়াতে মাঠ পর্যায়ে কৃষকদের উদ্বুদ্ধকরণের পরামর্শ প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(গ) কৃষি উৎপাদন (ধান, সরিষা, শাক সবজি, ফলমূল, পাট) বাড়াতে কর্মপরিকল্পনা প্রনয়ন করতে হবে এবং আগামী সভায় উপস্থাপন করতে হবে।<br>(ঘ) সকল সার ডিলারের তালিকা আগামী সভায় উপস্থাপন করতে হবে এবং বিধি মোতাবেক সার ডিলার নিয়োগের কার্যক্রম গ্রহণ করতে হবে।<br>(ঙ) আগামী মাস হতে ইউনিয়নওয়ারী বিভিন্ন প্রকার সার কি পরিমান মজুদ আছে তা সভায় উপস্থাপন করতে হবে। | উপজেলা কৃষি অফিসার, নেত্রকোণা সদর, নেত্রকোণা |
| ৪. | প্রাণি সম্পদ বিভাগ | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা জানান যে, গবাদি পশুর টিকা-৯,০৯২ মাত্রা, হাঁস-মুরগীর টিকা-৬,৫০০ মাত্রা, গবাদি পশুর চিকিৎসা-২,৫৩৫টি, হাসঁ-মুরগীর চিকিৎসা- ১৮,৬৩২টি এবং কৃত্রিম প্রজনন- ১,০২২ টি। এছাড়াও পিপিআর রোগ নির্মূল ও ক্ষুরা রোগ নিয়ন্ত্রণ প্রকল্পের আওতায় নেত্রকোণা সদরে আগামী মাসেই শতভাগ ছাগল ভেড়াকে বিনামূল্যে পিপিআর রোগের টিকা প্রদান করা হবে। এই বিষয়ে সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণের সহযোগিতা কামনা করেন। | (ক) উপজেলায় কতটি গবাদি পশুর খামার আছে তার সঠিক সংখ্যা আগামী সভায় উপস্থাপন করতে হবে।<br>(খ) গবাদি পশু মোটা তাজাকরণে রাসায়নিক দ্রব্য ব্যবহার প্রতিরোধে নিয়মিত মনিটরিং করতে হবে।<br>(গ) গবাদি পশুর রোগ ব্যাধি কমাতে ,মাঠ পর্যায়ে খামারীদের নিয়মিত পরামর্শ প্রদান করতে হবে। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, নেত্রকোণা সদর, নেত্রকোণা |
| ৫. | প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, ২০২৩-২০২৪ অর্থ বছরের কাবিখা, কাবিটা ও টিআর কর্মসূচির গৃহীত প্রকল্প দ্রুত বাস্তবায়ন করার জন্য অনুরোধ জানান। এ উপজেলায় ৫২টি বীর নিবাসের কাজ চলমান রয়েছে। তাছাড়া কাংসা আশ্রয়ন প্রকল্পে ঘর নির্মাণ কাজ দ্রুত শুরু করা হবে। তাছাড়া তিনি জানান মদনপুর ইউনিয়নে ১ কি: মি: রাস্তা হেরিংবন্ড রাস্তা নির্মাণের টেন্ডার হয়েছে এবং নেত্রকোণা সদর উপজেলায় আরো ১১ কি: মি: হেরিংবন্ড রাস্তা নির্মাণের জন্য মাননীয় প্রতিমন্ত্রী, সমাজ কল্যাণ মন্ত্রণালয় প্রস্তাব প্রেরণ করেছেন। | (ক) ২০২৩-২০২৪ অর্থ বছরের কাবিখা, কাবিটা ও টিআর কর্মসূচির আওতায় দ্রুত প্রকল্প বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(খ) কাংসা আশ্রয়ন প্রকল্পে ঘর নির্মাণ কাজ নির্ধারিত তারিখের মধ্যে শেষ করতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার<br><br>চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল) |
| ৬. | মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা জানান মৎস্য সুরক্ষায় মনিটরিং কার্যক্রম চলমান রয়েছে। তিনি আরো জানান দুস্কৃতিকারীরা নদী, খাল ও মুক্ত জলাশয়ে নিষিদ্ধ জাল, মাছ ধরার উপকরণ ব্যবহার করে মাছের বংশবৃদ্ধি হুমকীর মুখে ফেলছে। এ মাসে মৌগাতী ইউনিয়নে উপজেলা নির্বাহী অফিসার মহোদের নেতৃত্বে অবৈধভাবে মৎস্য আহরণকারীদের বিরুদ্ধে অভিযান পরিচালনা করা হয়েছে। | (ক) মৎস্য রক্ষা ও সংরক্ষণ আইন ১৯৫০ যথাযথভাবে বাস্তবায়িত হচ্ছে কিনা সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(খ) মৎস্য চাষ বাড়াতে খামারীদের প্রয়োজনীয় পরামর্শ প্রদান করতে হবে। | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, নেত্রকোণা সদর নেত্রকোণা |

CamScanner

<table>
<tr><td></td><td></td><td></td><td>(গ) নদী, খাল ও মুক্ত জলাশয়ে নিষিদ্ধ জাল, মাছ ধরার উপকরণ ব্যবহার রোধে সচেনতা বৃদ্ধি করতে হবে এবং প্রয়োজনে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে।</td><td></td></tr>
<tr><td>৭.</td><td>পরিবার পরিকল্পনা বিভাগ</td><td>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তার কার্যালয়ের বিভাগীয় কাজের অগ্রগতি প্রতিবেদন ঃ<br><table>
<tr><td>মোট সক্ষম দম্পতি</td><td>জনসংখ্যা</td><td>স্থায়ী পদ্ধতি গ্রহনকারীর পুরুষ সংখ্যা</td><td>স্থায়ী পদ্ধতি গ্রহনকারীর সংখ্যা মহিলা</td><td>ইমপ্ল্যান্ট সংখ্যা</td></tr>
<tr><td>৩৮০</td><td>৯০০</td><td>৬০</td><td>১৮০</td><td>৪০৫০</td></tr>
<tr><td>আই ইউ ডি-</td><td>খাবার বড়ি</td><td>কনডম</td><td>মোট গর্ভবতী</td><td>মোট সেবা গ্রহীতা</td></tr>
<tr><td>৬২০</td><td>৩৫৭৮০</td><td>৪৭৬৬</td><td>২৮৭৫</td><td>৬২০</td></tr>
</table></td><td>(ক) বিভিন্ন ইউনিয়নে পরিবার পরিকল্পনা পদ্ধতির আওতায় কি কি কাজ চলমান রয়েছে তার বিস্তারিত তথ্যাদি সভায় উপস্থাপন করতে হবে।<br>(খ) বিভিন্ন ইউনিয়নে কতটি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র/ স্যাটেলাইট ক্লিনিক রয়েছে এবং প্রতিটি কেন্দ্রে ডাক্তার আছে কিনা তার বিস্তারিত তথ্য সভায় উপস্থাপন করতে হবে।<br>(গ) প্রতিটি স্যাটেলাইট ক্লিনিকে নরমাল ডেলিভারী তথ্য দেয়ার সিদ্ধান্ত হয়। প্রতিটি ক্লিনিকে জাতীয় পতাকা যথাযথভাবে টানানোর সিদ্ধান্ত হয়।</td><td>উপজেলা পঃ পঃ কর্মকর্তা, নেত্রকোণা সদর</td></tr>
<tr><td>৮.</td><td>সমাজ সেবা বিভাগ</td><td>উপজেলা সমাজসেবা জানান সকল ইউনিয়নে বয়স্কভাতা, বিধবা ভাতা ও প্রতিবন্ধী ভাতাভোগীদের লাইভ ভেরিফিকেশন করা হয়েছে। কিন্তু অনেক ভাতাভোগীদের ভেরিফিকেশনের সময় পাওয়া যায়নি। তাই তাদের ভাতা স্থগিত রাখা হবে। এবিষয়ে উপস্থিত ইউপি চেয়ারম্যানগণ আরেকবার একটি তারিখ নির্ধারণ করে স্ব স্ব ইউনিয়ন পরিষদে লাইভ ভেরিফিকেশন করার জন্য অনুরোধ জানান। যেসকল উপকারভোগীদের পাওয়া যায়নি তাদের উপস্থিতি নিশ্চিত করার জন্য চেষ্টা করা হবে। এছাড়া অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td>(ক) উপজেলা সমাজসেবা অফিস কর্তৃক কি কি কার্যক্রম চলমান রয়েছে তার বিস্তারিত তথ্য সভায় উপস্থাপন করতে হব।<br>(খ) বয়স্কভাতা, বিধবা ও স্বামী পরিত্যাক্তা ভাতা ও প্রতিবন্ধী ভাতার ইউনিয়ন ভিত্তিক সংখ্যা সভায় উপস্থাপন করতে হবে।<br>(গ) বিভিন্ন ভাতাভোগী মৃত ব্যক্তির কার্ড প্রতিস্থাপন করতে হবে।<br>(ঘ) বয়স্কভাতা, বিধবা ভাতা ও প্রতিবন্ধী ভাতা সংক্রান্ত অনলাইনে আবেদনের বিষয়টি বহুল প্রচার করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(ঙ) বয়স্কভাতা, বিধবা ভাতা ও প্রতিবন্ধী ভাতাভোগীদের স্ব স্ব ইউনিয়ন পরিষদে লাইভ ভেরিফিকেশনের তারিখ নির্ধারণের সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা সমাজ সেবা অফিসার সদর নেত্রকোণা<br>চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল)</td></tr>
<tr><td>৯.</td><td>মহিলা বিষয়ক বিভাগ</td><td>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান ভিডব্লিউবি চালের বরাদ্দ পাওয়া গেছে। আগামীকাল থেকে ডিও প্রদান করা হবে। সকল ইউপি চেয়ারম্যানগণকে যথাসময়ে ভিডব্লিউবি চাল উত্তোলন করে উপকারভোগীদের মাঝে বিতরণ করার জন্য অনুরোধ জানান। তাছাড়া মা ও শিশু সহায়তা কর্মসূচির ভাতাভোগীদের নামের তালিকা ইউনিয়ন কমিটি থেকে উপজেলা কমিটিতে পাঠাতে বিলম্ব হওয়ায় স্বাভাবিক কার্যক্রম ব্যহত হচ্ছে। তিনি মা ও শিশু সহায়তা কর্মসূচির ভাতাভোগীদের নামের তালিকা দ্রুত প্রেরণ করার জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান।</td><td>(ক) ভিডব্লিউবি কার্যক্রমে যাতে জটিলতা সৃষ্টি না হয় সেদিকে সর্তক দৃষ্টি রাখতে হবে।<br>(খ) প্রতিমাসে প্রত্যেক ইউনিয়নে একটি বাল্য বিবাহ প্রতিরোধ সভা করতে হবে।<br>(গ) কিশোর কিশোরী ক্লাবের কর্যক্রম সচল রাখতে হবে এবং কতটি কিশোর কিশোরী ক্লাব আছে তার বিস্তারিত তথ্য সভায় উপস্থাপন করতে হবে। যেসকল কিশোর কিশোরী ক্লাবে বিভিন্ন পদ শূন্য রয়েছে তা জরুরী ভিত্তিতে পূরণ করতে হবে।</td><td>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, নেত্রকোণা সদর<br>চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল)</td></tr>
</table>

<table>
<tr><td></td><td></td><td></td><td>(ঘ) মা ও শিশু সহায়তা কর্মসূচির ভাতাভোগীদের নামের তালিকা ইউনিয়ন কমিটি থেকে উপজেলা কমিটিতে দ্রুত পাঠাতে সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td></td></tr>
<tr><td>১০</td><td>জনস্বাস্থ্য বিভাগ</td><td>উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য বিষয়ক কর্মকর্তা জানান যে, ২০২৩-২০২৪ অর্থ বছরে নতুন নলকূপের বরাদ্দ পাওয়া গেছে। তিনি সকল ইউপি চেয়ারম্যানগণকে জনস্বার্থে নলকূপ স্থাপনের জন্য তালিকা প্রেরণ করার জন্য অনুরোধ জানান। ।</td><td>জনস্বার্থে নলকূপ স্থাপনের জন্য নলকূপের তালিকা দ্রুত প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য নেত্রকোণা সদর<br>চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল)</td></tr>
<tr><td>১১</td><td>পল্লী উন্নয়ন বিভাগ</td><td>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান যে,উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি, আবর্তক (কৃষি) ঋণ কর্মসূচি, সমন্বিত দারিদ্র বিমোচন কর্মসূচী (সদাবিক), পল্লী প্রগতি কর্মসূচি, ক্ষুদ্র উদ্যোক্তা ঋন (এসএমই) কর্মসূচি, বীর মুক্তিযোদ্ধা ও তাদের পোষ্যদের প্রশিক্ষণ ও আত্মকর্মসংস্থান কর্মসূচির কার্যক্রম চলমান। এছাড়া সরকারের এডিপিভুক্ত দুইটি প্রকল্প- অংশীদারিত্বমূলক পল্লী উন্নয়ন প্রকল্প (পিআরডিপি-৩) এবং দারিদ্র বিমোচনের জন্য পুষ্টিসমৃদ্ধ উচ্চ মুল্যের অপ্রধান শস্য উৎপাদন ও বাজারজাতকরণ কর্মসূচি চলমান রয়েছে এবং সুষ্ঠুভাবে বাস্তবায়িত হচ্ছে। অগ্রগতি নিম্নরুপ :
<table>
<tr><th>কার্যক্রম</th><th>২০২৩-২০২৪ অর্থবছরে অগ্রগতি</th><th>ক্রমপুঞ্জিত অগ্রগতি</th></tr>
<tr><td>সমিতি/দলগঠন</td><td>-</td><td>২৮৩টি</td></tr>
<tr><td>উপকারভোগী/সদস্য ভর্তি</td><td>-</td><td>৬৮৬৩জন</td></tr>
<tr><td>পুঁজি গঠন ( শেয়ার ও সঞ্চয় আদায়)</td><td>০.১৭লক্ষ</td><td>৯১.১৪ লক্ষ</td></tr>
<tr><td>প্রশিক্ষণপ্রদান</td><td>-</td><td>৩০৩০ জন</td></tr>
<tr><td>ঋণবিতরণ</td><td>৮.০০ লক্ষ</td><td>১৯৫৫.৬৩ লক্ষ</td></tr>
<tr><td>ঋণআদায়</td><td>৪.০৬ লক্ষ</td><td>১৫৬৪.৯৩ লক্ষ</td></tr>
<tr><td>ক্ষুদ্র স্কীম বাস্তবায়ন</td><td>৭টি</td><td>৪৮ টি</td></tr>
</table>
বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।</td><td>বিভাগীয় কার্যক্রম কার্যকর ও গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>পল্লী উন্নয়ন কর্মকর্তা, নেত্রকোণা সদর,</td></tr>
<tr><td>১২</td><td>সমবায় বিভাগ</td><td>উপজেলা সমবায় কর্মকর্তা জানান যে, ১৪০ টি সমবায় সমিতির মধ্যে ১৪০ টি সমবায় সমিতির অডিট সম্পাদন হয়েছে। অডিট সম্পাদনের হার ১০০%। ২০২২-২০২৩ সনে ৭৮৭৬/-টাকা ভ্যাটসহ অডিট ফি ধার্য করা হয়েছে। আদায় করা হয়েছে ৭৮৭৬/- আদায়ের হার ১০০%। ২০২২-২০২৩ সনে সমবায় তহবিল ধার্য্য করা হয় ২০৮৬/-টাকা তারমধ্যে আদায় হয়েছে ২০৮৬/- টাকা। আদায়ের হার ১০০%। হাতকুন্ডলী আশ্রয়ন প্রকল্পে আদায় যোগ্য (ঘূর্ণায়মান)২১,৩৮,০০০/- টাকা। এ মাসে আদায় ৩২০০/- টাকা। মালনী আশ্রয়ন প্রকল্পে আদায় যোগ্য ১৪,০৬,৫০০/-টাকা। এ মাসে আদায় ৪৭১০/-টাকা। ২০২৩-২০২৪ অর্থ বছরে এ উপজেলায় হতে মুক্তাগাছা প্রশিক্ষণ কেন্দ্রে ০৪ জন প্রশিক্ষনার্থী প্রেরণ করা হয়েছে। তাছাড়া মুবিবর্ষ উপলক্ষ্যে নির্মিত আশ্রয়ন প্রকল্পে ০২টি সমিতি গঠন করা হয়েছে।</td><td>মুজিববর্ষ উপলক্ষে নির্মিত আশ্রয়ন প্রকল্পসমূহে সমিতি গঠন করা হয়েছে কিনা এবং ঋণ বিতরণ করা হয়েছে কিনা তার বিস্তারিত তথ্য সভায় উপস্থাপন করতে হবে।</td><td>উপজেলা সমবায় অফিসার, নেত্রকোণা সদর</td></tr>
<tr><td>১৩</td><td>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক</td><td>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা সভায় জানান যে, টিসিবি পণ্যের সাথে সরকার নির্ধারিতমূল্যে ০৫ কেজি করে চাল দেয়া হচ্ছে। তাছাড়া অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।</td><td>বর্তমান কি কি কার্যক্রম চলমান রয়েছে তার বিস্তারিত তথ্য ও খাদ্যশস্য কি পরিমান মজুদ আছে তার বিস্তারিত তথ্য সভায় উপস্থাপন করতে হবে।</td><td>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক অফিসার, নেত্রকোণা সদর</td></tr>
</table>

CS CamScanner

<table>
<tr>
<td>১৪</td>
<td>উপজেলা যুব উন্নয়ন</td>
<td>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান আগস্ট/২০২৩ মাসে যুব কার্যক্রমের অগ্রগতি প্রতিবেদন নিম্নরূপ ঃ
<table>
<tr><th>ক্র নং</th><th>বিবরণ</th><th>কার্যক্রম</th></tr>
<tr><td>১</td><td>বরাদ্দকৃত মূলধন</td><td>২,৩১,৮৮০০/-</td></tr>
<tr><td>২</td><td>মোট বিতরণকৃত ঋণের পরিমাণ</td><td>২,৯৭,৩৭,০০০/-</td></tr>
<tr><td>৩</td><td>চলতি অর্থ বছরে বিতরণ</td><td>৮,৪০,০০০/-</td></tr>
<tr><td>৪</td><td>বিবেচ্য মাসে বিতরণ</td><td>৮,৪০,০০০/-</td></tr>
<tr><td>৫</td><td>আদায়যোগ্য ক্রমপুঞ্জিত</td><td>২,৩৬,,৬২,৩৭১/-</td></tr>
<tr><td>৬</td><td>আদায়কৃত ক্রমপুঞ্জিত</td><td>২,২৮,৮৮,৬৯৭/-</td></tr>
<tr><td>৭</td><td>আদায়ের হার</td><td>৯৭%</td></tr>
<tr><td>৮</td><td>আদায়যোগ্য চলমান</td><td>২,১৮,০০০/-</td></tr>
<tr><td>৯</td><td>আদায়কৃত চলমান</td><td>২০,৮,০০০/--</td></tr>
<tr><td>১০</td><td>আদায়ের হার</td><td>৯৬%</td></tr>
<tr><td>১১</td><td>মেয়াদ উর্ত্তীন খেলাপী পরিমান</td><td>৭,৫৫,৪৮৪/-</td></tr>
<tr><td>১২</td><td>ঋন খেলাপী আদায়</td><td>১৮,৬২৬/-</td></tr>
<tr><td>১৩</td><td>কিস্তি খেলাপীর পরিমান</td><td>২৬,৮১০/-</td></tr>
<tr><td>১৪</td><td>কিস্তি খেলাপী আদায়</td><td>-</td></tr>
<tr><td>১৫</td><td>মোট উপকার ভোগীর সংখ্যা</td><td>৫৬২ জন</td></tr>
<tr><td>১৬</td><td>মোট ঋন সংখ্যা</td><td>৭৪৮ জন</td></tr>
<tr><td>১৭</td><td>চলমান ঋন সংখ্যা</td><td>২৪৫ জন</td></tr>
<tr><td>১৮</td><td>চলতি বছরে প্রশিক্ষনার্থীর সংখ্যা</td><td>-</td></tr>
<tr><td>১৯</td><td>ক্রমপুঞ্জিত প্রশিক্ষনার্থীর সংখ্যা</td><td>৫৭৯৫ জন</td></tr>
<tr><td>২০</td><td>চলতি অর্থ বছরে আত্মকর্মীর সংখ্যা</td><td>১৪ জন</td></tr>
<tr><td>২১</td><td>ক্রমপুঞ্জিত আত্মকর্মীর সংখ্যা</td><td>৪০৪৬ জন</td></tr>
</table>
</td>
<td>বিভাগীয় কার্যক্রম কার্যকর ও গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>উপজেলা যুব উন্নয়ন অফিসার, নেত্রকোণা সদর, নেত্রকোণা</td>
</tr>
<tr>
<td>১৫</td>
<td>উপজেলা মাধ্যমিক শিক্ষা</td>
<td>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান যে, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন, পুরাতন উপবৃত্তি প্রাপ্ত ছাত্র-ছাত্রীদের মোবাইল নম্বর, ব্যাংক একাউন্ট সংশোধন, শিক্ষা প্রতিষ্ঠান এমপিও ভুক্তির আবেদন যাচাই-বাছাই এবং জেলা শিক্ষা অফিসে প্রেরণ, বন্যা সংক্রান্ত তথ্য সংগ্রহ এবং শিক্ষা প্রতিষ্ঠানকে অবহিত করা হয়েছে।এছাড়া দাপ্তরিক অন্যান্য কাজ যথারীতি চলছে।</td>
<td>(ক) প্রতি মাসে ১০টি শেখ রাসেল ডিজিটাল ল্যাব পরিদর্শনপূর্বক বিস্তারিত তথ্য সভায় উপস্থাপন করতে হবে।<br><br>(খ) নিয়মিত বিদ্যালয় /মাদ্রাসা পরিদর্শন করতে হবে।</td>
<td>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, নেত্রকোণা সদর</td>
</tr>
<tr>
<td>১৬</td>
<td>পরিসংখ্যান বিভাগ</td>
<td>উপজেলা পরিসংখ্যান অফিসার জানান যে, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদের মধ্যে বিতরণকৃত সকল ট্যাবের নিবন্ধন কার্যক্রম সমপন্ন করা হয়েছে।</td>
<td>কি কি কার্যক্রম চলমান রয়েছে তার বিস্তারিত তথ্যসহ আগামী সভায় উপস্থিত থাকতে হবে। করতে হবে।</td>
<td>উপজেলা পরিসংখ্যান অফিসার, নেত্রকোণা সদর</td>
</tr>
<tr>
<td>১৭</td>
<td>উপজেলা পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন</td>
<td>উপজেলা দারিদ্র বিমোচন ফাউন্ডেশন আগস্ট ২০২৩ মাসের অগ্রগতি নিম্নলিখিতভাবে উপস্থাপন করেন।
<table>
<tr><th>কার্যক্রমের নাম</th><th>বিতরণের পরিমান</th><th>আদায় যোগ্য</th><th>আদায়</th><th>আদায়ের হার</th></tr>
<tr><td>ক্ষুদ্র ঋণ</td><td>২১৫৫০০০</td><td>২৯,৪৩,৬৩০</td><td>২৮৯৭৩৬৩</td><td>৯৮%</td></tr>
<tr><td>নারী উদ্যোক্তা</td><td>১১৩০০০০</td><td>১৯২৫০০০</td><td>১৮৭৫৩৪৪</td><td>৯৭%</td></tr>
<tr><td>উদ্যোক্তা ঋন সেল্প</td><td>৩০,০০০০</td><td>১৯২৪০৩৯</td><td>১৭৯৫৪৯০</td><td>৯৩%</td></tr>
<tr><td>প্রণোদনা ২য় পর্যায়</td><td>২৬,০০,০০০</td><td>০</td><td>০</td><td>১০০%</td></tr>
</table>
</td>
<td>কি কি কার্যক্রম চলমান রয়েছে তার বিস্তারিত তথ্যসহ আগামী সভায় উপস্থিত থাকতে হবে। করতে হবে।</td>
<td>উর্দ্ধতন উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, নেত্রকোণা সদর</td>
</tr>
<tr>
<td>১৮</td>
<td>বন বিভাগ</td>
<td></td>
<td></td>
<td>উপজেলা বন</td>
</tr>
</table>

CamScanner

<table>
<tr>
<td></td>
<td></td>
<td>কোন প্রতিনিধি উপস্থিত না থাকায় বিভাগের কার্যক্রম সম্পর্কে জানা যায়নি। তবে সার্বিক আলোচনান্তে পার্শ্বে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>আগামী সভায় বিভাগীয় কার্যক্রমসহ উপস্থিত থাকার সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>সংরক্ষন অফিসার, নেত্রকোণা সদর</td>
</tr>
<tr>
<td>১৯</td>
<td>পল্লী সঞ্চয় ব্যাংক</td>
<td>শাখা ব্যবস্থাপক,পল্লী সঞ্চয় ব্যাংক, নেত্রকোণা সদর সভায় জানান যে, মোট সমিতির সংখ্যা-৩৭০ টি, চলতি মাসে মোট সদস্য সংখ্যা-১৫১৩২ জন, চলতি সঞ্চয় জমা ৩.০৫ লক্ষ টাকা, মোট সঞ্চয় ৭৩৬.১১ লক্ষ টাকা, সরকার প্রদত্ত বোনাস ৫২০.১২ লক্ষ টাকা, বিতরণকৃত ঋণের সংখ্যা ২৬,৯৬৯ জন, মাসে ঋণ বিতরণ ৩৯.০৫ লক্ষ টাকা, চলতি মাসে ঋণের কিস্তি আদ ৩৯.৯৭ লক্ষ টাকা, মোট আদায়-৪২৫২.৭০ লক্ষ টাকা। পল্লী সঞ্চয় ব্যাংকের শেয়ার বিক্রয় ৩.৭৬ লক্ষ টাকা, সম্পদ সহায়তা আদায় ১.০১ লক্ষ টাকা। মোট তহবিল .২৪ লক্ষ টাকা। বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td>
<td>বিভাগীয় কার্যক্রম কার্যকর ও গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয়ী ব্যাংক, নেত্রকোণা সদর</td>
</tr>
<tr>
<td>২০</td>
<td>স্বাস্থ্য বিভাগ</td>
<td>বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান। ডেঙ্গু মশা প্রতিরোধে বাসা-বাড়ী ও প্রতিষ্ঠানের আঙিনা পরিস্কার পরিচ্ছন্ন রাখার অনুরোধ জানান।<br>জুলাই-২০২৩ মাসের কার্যক্রম নিম্নরূপঃ<br>
<table>
<tr><td colspan="11">বাস্তবায়ন/অর্জন</td></tr>
<tr><td>বিসিজি</td><td colspan="3">পেন্টাভ্যালেন্ট</td><td colspan="3">পিসিভি</td><td colspan="3">ওপিভি</td><td></td></tr>
<tr><td>৫৯০</td><td>১ম</td><td>২য়</td><td>৩য়</td><td>১ম</td><td>২য়</td><td>৩য়</td><td>১ম</td><td>২য়</td><td>৩য়</td><td>ডি-এ</td></tr>
<tr><td></td><td>২১৫</td><td>১৫৫</td><td>১৫০</td><td>৫৭৪</td><td>৬০৭</td><td>৫৯৮</td><td>৫৭৪</td><td>৬০৭</td><td>৫৯৮</td><td></td></tr>
<tr><td></td><td colspan="4">এফআইপিভি</td><td>১ম</td><td>২য়</td><td>১ম</td><td>২য়</td><td></td><td></td></tr>
<tr><td></td><td colspan="4">টিটি টিকা</td><td>৫৬৬</td><td>৫৯৪</td><td>৪৭৮</td><td>৪৫২</td><td></td><td></td></tr>
<tr><td></td><td>১ম</td><td>২য়</td><td>৩য়</td><td>৪র্থ</td><td>৫ম</td><td>১ম</td><td>২য়</td><td>৩য়</td><td>৪র্থ</td><td>৫ম</td></tr>
<tr><td></td><td>৯৬</td><td>৮৮</td><td>৬০</td><td>৬৩</td><td>৭৩</td><td>৩৩৯</td><td>৩৭৯</td><td>৪৩১</td><td>৫০৫</td><td>৫৩০</td></tr>
</table>
</td>
<td>(ক) উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স থেকে কি কি ধরণের ঔষধ বিনামূল্যে প্রদান করা হয় এবং কি কি সরকারি সেবা প্রদান করা হয় তার বিস্তারিত তথ্য সভায় উপস্থাপন করতে হবে।<br>(খ) উপজেলা কতগুলো কমিউনিটি ক্লিনিক আছে তার বিস্তারিত তথ্য সভায় উপস্থাপন করতে হবে এবং কমিউনিটি ক্লিনিকগুলোতে বিনামূল্য কি কি সেবা ও ঔষধ প্রদান করা হয় তার তথ্য সভায় উপস্থাপন করতে হবে।<br>(গ)কমিউনিটি ক্লিনিকগুলোতে প্রোভাইডারগণের নিয়মিত উপস্থিতি নিশ্চিত করতে হবে।<br>(ঘ) প্রতিমাসে অন্তত ০৫টি কমিউনিটি ক্লিনিক পরিদর্শন করে বিস্তারিত প্রতিবেদন সভায় উপস্থাপন করতে হবে।</td>
<td>উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, নেত্রকোণা সদর, নেত্রকোণা।</td>
</tr>
<tr>
<td>২১</td>
<td>চেয়ারম্যান কাইলাটী ইউনিয়ন পরিষদ</td>
<td>তিনি জানান তার ইউনিয়নের সারের চাহিদার তুলনায় সার ডিলার মাত্র ০১ জন নিয়োগ দেয়া হয়েছে। ০১ জন ডিলার যথাসময়ে কৃষকদের মাঝে সার সরবরাহ করতে পারে না। কৃষকগণ সারের জন্য দুর্ভোগ করে। তিনি সার ডিলার পুন: বিভাজন করার জন্য অনুরোধ জানান।</td>
<td>কাইলাটী ইউনিয়নে সারের চাহিদা পূরণের জন্য বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে।</td>
<td>উপজেলা কৃষি অফিসার নেত্রকোণা সদর, নেত্রকোণা</td>
</tr>
<tr>
<td>২২</td>
<td>আইন, বিধি, সার্কুলার প্রজ্ঞাপন অবহিতকরণ</td>
<td>উপজেলা প্রকৌশলী জানান যে, সরকারি বিধি মোতাবেক বিভিন্ন পরিকল্পনা বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সকল ইউপি চেয়ারম্যানগণ সভায় অনুরোধ জানান।</td>
<td>সরকারী বিধি মোতাবেক কমিটিগুলো অনুমোদিত ও গৃহীত হওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>-</td>
</tr>
</table>

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ২৩ | উপজেলা পরিষদের প্রদর্শনী পুকুর ব্যবস্থাপনা | সভায় উপজেলা পরিষদের পুকুর ব্যবস্থাপনা নিয়ে বিশদ আলোচনা হয়। আলোচনান্তে চেয়ারম্যান, সিংহের বাংলা ইউনিয়ন পরিষদ উপজেলা পরিষদের প্রদর্শনী পুকুরগুলো লীজ দেয়ার বিষয়ে প্রস্তাব করেন। পরিষদের নিজস্ব সম্পত্তি বিধায় উপজেলা পরিষদের প্রদর্শনী পুকুর ও সদর হাসপাতালের সামনের পুকুর ০২টি যথাযথ দখল নিয়ন্ত্রণ বজায় রাখা এবং রাজস্ব বৃদ্ধির জন্য ইজারা প্রদান ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণের অনুকূলে থাকার বিষয়ে অধিকাংশ সদস্য মতামত প্রদান করেন। এতে চল্লিশা, মৌগাতী, লক্ষীগঞ্জ ও মদনপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণ ইজারা গ্রহণে আগ্রহ প্রকাশ করেন। তাৎক্ষণিক দরকষাকষির ভিত্তিতে আগামী ০৩ বছরের জন্য ইজারামূল্য বাবদ সর্বোচ্চ ২,০০,০০০/- টাকা এককালীন পরিশোধ সাপেক্ষে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান মদনপুর এর অনুকূলে তার ব্যক্তিগত ব্যবস্থাপনায় লীজ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | আগামী ০৩ বছরের জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান মদন ইউপি'র অনুকূলে তার ব্যক্তিগত ব্যবস্থাপনায় ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা এককালীন উপজেলা পরিষদের রাজস্ব তহবিলে জমাকরণের মাধ্যমে এবং কার্যাদেশে প্রদত্ত শর্তাবলী মেনে চলা সাপেক্ষে উপজেলা পরিষদের প্রদর্শনী পুকুর ও হাসপাতালের সামনের পুকুর ০২টি লীজ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ২৪ | জন্ম ও মৃত্যু নিবন্ধন বিষয়ক আলোচনা | উপজেলা নির্বাহী অফিসার জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রমের সরকার নির্ধারিত কাঙ্খিত লক্ষ্যমাত্রা অর্জনের জন্য সকল ইউপি চেয়ারম্যানকে অনুরোধ জানান। তিনি জানান জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রমেরে তথ্য সংগ্রহের জন্য গ্রাম পুলিশদের কাজে লাগাতে হবে। প্রয়োজনে জন্ম-মৃত্যু নিবন্ধনের কার্যক্রমে এডিপি বরাদ্দের ১% অর্থ ব্যয় করা যাবে। ইউনিয়ন পরিষদ থেকে প্রাপ্ত গত সেপ্টেম্বর ২০২৩ মাসের জন্ম মৃত্যু নিবন্ধনের কার্যক্রমের তথ্যাদি পরিশিষ্ট 'গ' সভায় উপস্থাপন করা হয়। | জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রম সরকার নির্ধারিত কাঙ্খিত লক্ষ্যমাত্রা অর্জনের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল) |
| ২৫ | আয় ও ব্যয়ের হিসাব বিবরণী | উপজেলা নির্বাহী অফিসার জানান যে, গত ০১.০৮.২০২৩ তারিখ হতে ৩১.০৮.২০২৩ তারিখ পর্যন্ত ব্যাংক বিবরণী মোতাবেক আয় ৩৫,১৭,৫৩৫/- টাকা এবং ব্যয় ১৪,৪১,১৯৬/- টাকা। ব্যাংক স্থিতি ৪,০৬,৪৪,১১৩/- টাকা। | চেয়ারম্যান উপজেলা পরিষদ<br>ও<br>উপজেলা নির্বাহী অফিসার<br>নেত্রকোণা সদর, নেত্রকোণা | |
| ২৬ | বিবিধ | (ক) উপজেলা পরিষদের সেপ্টেম্বর/২০২৩ মাসের আপ্যায়ন বিল, পত্রিকার বিল ও ইন্টারনেট বিল পরিশোধের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(খ) বীর মুক্তিযোদ্ধার মৃত্যুতে শ্রদ্ধাঞ্জলি বাবদ ফুলের তোড়া এবং উপজেলা পরিষদের বিভিন্ন অনুষ্ঠানের ব্যানার বাবদ বিল পরিশোধের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(গ) উপজেলা পরিষদের প্রদর্শনী পুকুর ও হাসপাতালের সামনের পুকুর ০৩ বছর মেয়াদী চেয়ারম্যান, মদনপুর ইউনিয়ন পরিষদের অনুকূলে লীজ প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(ঘ) দৈনিক শ্রমিক মুজীর ভিত্তিতে উপজেলা পরিষদে নিয়োগ প্রাপ্ত পরিচ্ছন্নতাকর্মী জনাব মো: শেখ রাসেল মিয়া এর দক্ষতার ভিত্তিতে ৫৫০/- হারে দৈনিক মজুরী প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(ঙ) নীতিমালা মোতাবেক মেদনী ও ঠাকুরাকোণা ইউনিয়ন পরিষদসহ ফেরীঘাট বিহীন অন্যান্য সকল ইউনিয়ন পরিষদকে ফেরীঘাট ইজারার জমাকৃত অর্থ ইউনিয়ন পরিষদের নিজস্ব আয় হিসেবে সমহারে প্রদান করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | সরকারি নির্দেশনা মোতাবেক উল্লেখিত ব্যয় সমূহ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে মিটানোর বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, নেত্রকোণা সদর, নেত্রকোণা |

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সদস্যগণের দক্ষতা ও আন্তরিকতার সাথে নিজ নিজ দায়িত্ব পালনের পরামর্শ প্রদান করে সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৫/১০/২৩

(মোঃ আতাউর রহমান)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
নেত্রকোণা সদর, নেত্রকোণা
ও
সভাপতি
উপজেলা পরিষদের মাসিক সভা

CamScanner